minister AC
মাসিক কিস্তি
৳২০০০মাত্র
*শর্ত প্রযোজ্য বিস্তারিত: 09606 700700

১৯৯২ সালের ১ জানুয়ারী থেকে প্রকাশিত
দৈনিক
# এই আমার দেশ
Daily Eai Amar Desh e-paper.eaiamardesh.com www.eaiamardesh.com

minister
Voice Control Smart Tv
ঈদ সালামি অফার
ফ্রি!
55MG5010B ৳৬৩,৩৩৩
৳৪৯,০০০

বুধবার | ঝিনাইদহসহ খুলনা বিভাগীয় সংস্করণ | বর্ষ ৩২ ॥ সংখ্যা ১৭৮ ॥ রেজি:নং- কেএন ২৮৯ ॥ ২৮ আষাঢ় ১৪৩০ ॥ ২৩ জিলহজ্ব ১৪৪৪ হিজরী ॥ পৃষ্ঠা-৪ ॥ মূল্য ৫ টাকা | ১২ জুলাই ২০২৩

## আমেরিকা ভিসা দেয়নি এটা মিথ্যা



**নিজস্ব প্রতিবেদক :** আমেরিকা ভিসা দেয়নি বা দুবাই থেকে আমাকে ফেরত দিয়েছে এটা মিথ্যা কথা বলে জানিয়েছেন প্রধানমন্ত্রীর বেসরকারি শিল্প ও বিনিয়োগ বিষয়ক উপদেষ্টা সালমান এফ রহমান।
গতকাল মঙ্গলবার (১১ জুলাই) রাজধানীতে ঢাকা জেলা আওয়ামী লীগের বিশেষ ২-এর পাতায় দেখুন

## যত খুশি পর্যবেক্ষক পাঠাতে পারবে ইইউ, আপত্তি নেই ইসির



**নিজস্ব প্রতিবেদক :** ইউরোপিয়ন ইউনিয়ন (ইইউ) যত খুশি তত নিরপেক্ষ পর্যবেক্ষক পাঠাতে পারবে। এক্ষেত্রে ইসির কোনো লিমিটেশন নেই বলে জানান নির্বাচন কমিশনের অতিরিক্ত সচিব অশোক কুমার দেবনাথ। গতকাল ২-এর পাতায় দেখুন

## হিট অফিসারকে নিয়ে কুরুচিপূর্ণ মন্তব্য, ফখরুলের কুশপুত্তলিকা দাহ



**নিজস্ব প্রতিবেদক :** ঢাকা উত্তর সিটি করপোরেশনে নিয়োগ পাওয়া চিফ হিট অফিসারকে নিয়ে আপত্তিকর মন্তব্যের অভিযোগে বিএনপির মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীরের কুশপুতুল দাহ করা হয়েছে। গতকাল ২-এর পাতায় দেখুন



## রোহিঙ্গা জনগোষ্ঠী নিরাপত্তার জন্য হুমকি, মানবিক সংকট তৈরি করছে তারা: প্রধানমন্ত্রী

**নিজস্ব প্রতিবেদক :** প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, করোনা মহামারির সময়ও আমরা এ দেশে আশ্রয় নেওয়া মিয়ানমারের প্রায় ১২ লাখ রোহিঙ্গা জনগোষ্ঠীকে ভুলে যাইনি। তাদের নিয়মিত টিকা, পরীক্ষা ও স্বাস্থ্যসেবা প্রদান করা হয়েছে। এ কথা ভুলে গেলে চলবে না, এ দেশে আশ্রিত বিশাল জনগোষ্ঠীটি আমাদের অঞ্চলের জন্য মানবিক সংকট তৈরি করছে এবং নিরাপত্তার জন্যও হুমকি। কেবল সসম্মানে মিয়ানমারে প্রত্যাবর্তনই এই সংকটের টেকসই সমাধান। আমি আশা করি মিয়ানমার তাদের নাগরিকদের দ্রুত ফিরিয়ে নিয়ে যাবে।
গতকাল মঙ্গলবার (১১ জুলাই) রাজধানীর প্যান প্যাসিফিক সোনারগাঁও ২-এর পাতায় দেখুন

### ঢাকা-ওয়াশিংটন দূরত্ব কমাতে লু বাংলাদেশে

# যুক্তরাষ্ট্রের চাপের বিরুদ্ধে সরব রাশিয়া চীন ইরান

**নিজস্ব প্রতিবেদক :** বাংলাদেশে আগামী জাতীয় সংসদ নির্বাচনের আর মাত্র ছয় মাসের মত সময় বাকি। বাংলাদেশের আসন্ন নির্বাচন নিয়ে ব্যাপক ব্যস্ত সময় পার করছেন বিদেশি কূটনীতিকরা। ইতোমধ্যে ইউরোপীয় ইউনিয়নের (ইইউ) ছয় সদস্যের প্রাক-নির্বাচনী পর্যবেক্ষক দল বাংলাদেশে অবস্থান করছে এবং বিভিন্ন মহলের সঙ্গে দফায় দফায় বৈঠক করছে। বাংলাদেশে একটি অবাধ, সুষ্ঠু, নিরপেক্ষ এবং অংশগ্রহণমূলক নির্বাচনের পরিবেশ আছে কি না সেটি তারা পর্যালোচনা করছে। এখানেই শেষ নয়। আজ মঙ্গলবার সন্ধ্যায় চার দিনের সফরে বাংলাদেশে আসছেন যুক্তরাষ্ট্রের পররাষ্ট্র দপ্তরের নাগরিক নিরাপত্তা, মানবাধিকার ও গণতন্ত্রবিষয়ক আন্ডার সেক্রেটারি উজরা জেয়া, দক্ষিণ ও মধ্য এশিয়াবিষয়ক মার্কিন সহকারী পররাষ্ট্রমন্ত্রী ডোনাল্ড লু এবং ইউএসএইডের এশিয়া ব্যুরোর ডেপুটি অ্যাসিস্ট্যান্ট অ্যাডমিনিস্ট্রেটর অঞ্জলি কৌর।
পররাষ্ট্র সচিব মাসুদ বিন মোমেন জানিয়েছেন, ১১ থেকে ১৪ জুলাই পর্যন্ত মার্কিন প্রতিনিধিদল নিয়ে উজরা জেয়া এবং ডোনাল্ড লু ঢাকা আসছেন। মার্কিন প্রতিনিধিদলের সফরে দুই দেশের সম্পর্ক নিয়ে কথা হবে। তারা আসার পরে বাংলাদেশের সঙ্গে কী আলোচনা হবে তখন বোঝা যাবে। এখন পর্যন্ত কোনো এজেন্ডা ঠিক হয়নি। তবে দক্ষিণ এশিয়ার রাজনীতিতে আলোচিত নাম ডোনাল্ড লু থাকায় এই সফরটিকে অনেক গুরুত্বের সাথে দেখছে সরকার, বিরোধী দলসহ কূটনীতিকরা।
মার্কিন যুক্তরাষ্ট্র বাংলাদেশে একটি অবাধ সুষ্ঠু নিরপেক্ষ এবং অংশগ্রহণমূলক নির্বাচন ২-এর পাতায় দেখুন

## সাংগঠনিক গতি বাড়াতে একযোগে জেলা সম্মেলন স্বেচ্ছাসেবক লীগের




**নিজস্ব প্রতিবেদক :** দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনকে সামনে রেখে সাংগঠনিক গতি বাড়াতে বিভিন্ন জেলায় সম্মেলন শুরু করেছে আওয়ামী লীগের সহযোগী সংগঠন স্বেচ্ছাসেবক লীগ। এর মধ্যদিয়ে সংগঠনকে আরও শক্তিশালী করা সম্ভব হবে বলে মনে করছেন সংগঠনটির কেন্দ্রীয় নেতারা।
তারা বলছেন, সংগঠনকে শক্তিশালী করতে পুরোপুরি মনোযোগ দেওয়া হচ্ছে। এর অংশ হিসেবে সারা দেশে একযোগে সংগঠনের মেয়াদোত্তীর্ণ ২২টি সাংগঠনিক জেলা ইউনিটের সম্মেলন শুরু হয়েছে। গত ২০ জুন সংগঠনের কেন্দ্রীয় কার্যনির্বাহী সংসদের সভায় স্বেচ্ছাসেবক লীগের ভারপ্রাপ্ত সভাপতি গাজী মেজবাউল হোসেন সাচ্চু এবং সাধারণ সম্পাদক আফজালুর রহমান বাবু ২২টি জেলা ইউনিটের সম্মেলনের তারিখ ঘোষণা করেন। যার মধ্যে রয়েছে ২০টি জেলা ও দুইটি মহানগর শাখার সম্মেলন।
নির্ধারিত তারিখ অনুযায়ী গত শুক্রবার ঝিনাইদহ, রোববার সিরাজগঞ্জ ও গত সোমবার (১০ জুলাই) ২-এর পাতায় দেখুন

## বাংলাদেশের নির্বাচন সামনে রেখে মার্কিন দূতাবাসের সতর্কতা জারি

**নিজস্ব প্রতিবেদক :** গতকাল মঙ্গলবার (১১ জুলাই) ঢাকার মার্কিন দূতাবাসের ওয়েবসাইট থেকে এই সতর্কতা জারি করা হয়েছে।
সতর্কবার্তায় বলা হয়েছে, প্রত্যাশা অনুযায়ী বাংলাদেশের সাধারণ নির্বাচন ২০২৪ সালের জানুয়ারি কিংবা এর মধ্যে অনুষ্ঠিত হবে। এ জন্য দেশজুড়ে রাজনৈতিক দলগুলোর সমাবেশ এবং অন্যান্য নির্বাচন-সম্পর্কিত কার্যক্রম ইতিমধ্যে শুরু হয়ে গেছে। নির্বাচন ঘনিয়ে আসার সঙ্গে সঙ্গে রাজনৈতিক সমাবেশ এবং বিক্ষোভের মাত্রাও তীব্র থেকে তীব্রতর হতে পারে।
এই অবস্থায় মার্কিন নাগরিকদের সতর্কতা ২-এর পাতায় দেখুন

## নিজস্ব অর্থায়নে ইউপি চেয়ারম্যানের এ্যাম্বুলেন্স সেবা চালু



**সাকিবুল হাসান অন্তর :** ঝিনাইদহের শৈলকুপায় ইউনিয়নবাসীর স্বাস্থ্য সেবা নিশ্চিত করতে মহতি উদ্যোগ গ্রহণ করেছেন ইউনিয়নের চেয়ারম্যান শফিকুল ইসলাম শিমুল। নিজস্ব অর্থায়নে ইউনিয়নের মানুষের জন্য কিনেছেন এ্যাম্বুলেন্স। মঙ্গলবার দুপুরে ইউনিয়ন পরিষদ অডিটোরিয়ামে প্রধান অতিথি হিসেবে ফ্রী এম্বুল্যান্স সেবার উদ্বোধন করেন ঝিনাইদহ-১ শৈলকুপা আসনের সংসদ সদস্য ও জেলা আওয়ামী লীগের সভাপতি আব্দুল হাই। প্রধান অতিথি তার বক্তব্যে বলেন, বগুড়া ইউনিয়নের চেয়ারম্যান তরুন রাজনীতিবীদ শফিকুল ইসলাম শিমুলের এ উদ্যোগ সত্যিই প্রশংসনীয়। তার দেখাদেখি দেশের অনেক প্রত্যন্ত ইউনিয়ন মানবতার কল্যানে এ ধরনের সামাজিক উদ্যোগ গ্রহণ করবে বলে তিনি আশাবাদ ব্যক্ত করেন।
উদ্বোধন অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন এ মহতী উদ্যোগদ্বাতা বগুড়া ইউপি ২-এর পাতায় দেখুন

## মার্কিন দূতাবাসে হিরো আলমের চিঠি

**নিজস্ব প্রতিবেদক :** আগামী ১৭ জুলাই অনুষ্ঠিতব্য ঢাকা-১৭ আসনের উপনির্বাচনের স্বতন্ত্র প্রার্থী আশরাফুল আলম ওরফে হিরো আলম নির্বাচনের সার্বিক পরিস্থিতির বিষয়ে জানিয়ে ঢাকার মার্কিন দূতাবাসে চিঠি দিয়েছেন।
বিশেষ করে প্রচারণায় সময় ‘হামলার শিকার’ হওয়ার ঘটনা ওই চিঠিতে তুলে ধরেছেন বলে জানিয়েছেন হিরো আলম। তিনি দাবি করেছেন, মার্কিন দূতাবাস থেকে তাকে পাশে থাকার আশ্বাস দেয়া হয়েছে। পাশাপাশি নির্বাচন পর্যন্ত কোনো সমস্যা হলে তাও তাদের জানাতে বলেছে।
গতকাল মঙ্গলবার বিকেলে নিজের নির্বাচনী কার্যালয়ে সংবাদমাধ্যমকে এসব কথা বলেন হিরো আলম।
জানা গেছে, হিরো আলম চিঠিতে লিখেছেন, ২-এর পাতায় দেখুন

## ঝিনাইদহের জোহান ড্রীম ভ্যালী পার্কের প্রবেশ দ্বার যেন এখন মরণ ফাঁদ !



**নিজস্ব প্রতিবেদক :** ঝিনাইদহের জোহান ড্রীম ভ্যালী পার্কের প্রবেশ দ্বার যেন এখন মরণ ফাঁদে পরিনত হয়েছে। প্রতিদিন এখানে ঘটছে ছোট বড় দূর্ঘটনা। এ ব্যাপারে জেলা প্রশাসকের আশু হস্তক্ষেপ কামনা করেছে সংশ্লিষ্টরা।
ঝিনাইদহ-চুয়াডাঙ্গা মহাসড়ক সংলগ্ন কুমড়াবাড়িয়া ইউনিয়নের নগরবাথান নামক এলাকার পল্লী বিদুৎ অফিসের পার্শ্বে অবস্থিত পার্কটি। খুলনা বিভাগের ও জেলার ঐতিহ্যবাহী বিনোদন কেন্দ্র হিসাবে বর্তমানে পরিচিতি লাভ করেছে এটি।
জোহান ড্রীম ভ্যালী পার্কের ব্যবস্থাপনা পরিচালক মোয়াজ্জেম হোসেন বলেন, ঝিনাইদহ জেলাসহ আশপাশের ও দেশের বিভিন্ন জেলার মানুষের বিনোদনের কথা ভেবে পার্কটি নির্মাণের চিন্তা করি। এরই ধারাবাহীকতায় ২০১৭ সালে ৩৯ একর জমির উপর পার্কটি নির্মাণ করা হয়। দেশের বিভিন্ন জেলা থেকে আগত দর্শনার্থীদের সমাগম ঘটে এখানে। কিন্তু দুঃখ জনক হলেও ঘটনা সত্য পার্কটির প্রধান ফটকের সামনের মহাসড়কের সাথে ২-এর পাতায় দেখুন




## হরিণাকুন্ডুতে চাঁদাবাজ গ্রেফতার

**নিজস্ব প্রতিবেদক :** ঝিনাইদহের হরিণাকুন্ডুতে এক আইনজীবির বাড়িতে বোমা রেখে চাঁদা দাবীর অভিযোগে এক যুবককে গ্রেফতার করেছে ডিবি পুলিশ। সোমবার রাত ২ টার দিকে হরিণাকুন্ডু উপজেলার ভবানীপুর গ্রাম থেকে ওমর নামের ওই যুবককে গ্রেফতার করা হয়। গ্রেফতারকৃত ওমর ভবানীপুর গ্রামের মনোয়ার জোয়ার্দ্দারের ২-এর পাতায় দেখুন

## যারা দুর্নীতিতে বারবার চ্যাম্পিয়ন, তারাই আজ বড় বড় সবক দেয় : জনপ্রশাসন প্রতিমন্ত্রী



**মেহেরপুর প্রতিনিধি:** জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন এমপি বলেন- প্রধানমন্ত্রী আছে বলেই দেশ এগিয়ে যাচ্ছে। প্রধানমন্ত্রী আছেন বলে আমরা শান্তিতে বসবাস করছি। সমস্ত সেক্টরে ব্যাপকভাবে উন্নয়ন হয়েছে। এই উন্নয়ন কিছু মানুষের সহ্য করতে পারছে না। বিভিন্নভাবে দেশকে পিছিয়ে দিতে নানা ষড়যন্ত্রে লিপ্ত। যারা দুর্নীতিতে বারবার চ্যাম্পিয়ন হয়, তারাই আজ বড় বড় সবক দেয়। সকল ষড়যন্ত্রকে রাজনৈতিকভাবে মোকাবেলা করে প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে আগামী নির্বাচনে আবারো ক্ষমতায় আনবে জনগণ। সোমবার বিকেলে শহীদ ড. সামসুজ্জোহা নগর উদ্যানে মেহেরপুরে জেলা আওয়ামী স্বেচ্ছাসেবক লীগের সম্মেলনে প্রধান অতিথির বক্তব্যে এ কথা বলেন তিনি। তিনি আরও বলেন, সব ভুলে ঐক্যবদ্ধ হয়ে শেখ হাসিনার হাতকে শক্তিশালী করতে হবে। নতুন ২-এর পাতায় দেখুন

## জাল সার্টিফিকেটে ৩১ বছর ধরে স্কুলে চাকরী!

**নিজস্ব প্রতিবেদক :** ঝিনাইদহে এবার জাল সার্টিফিকেটে ৩১ বছর ধরে চাকরী করার অভিযোগ উঠেছে। হরিনাকুন্ডু উপজেলার কাপাশহাটিয়া ইউনিয়নের রথখোলা সরকারী প্রাথমিক বিদ্যালয়ে এই অনিয়মের তথ্য পাওয়া গেছে। সরজমিন অনুসন্ধানে গিয়ে জানা যায়, ১৯৯১ সালে মাধ্যমিক পাশ করেই ১৯৯২ সালে রথখোলা বেসরকারী প্রাথমিক বিদ্যালয়ে শিক্ষক হিসাবে চাকরী শুরু করেন ফয়েজুর রহমান ও শরিফা খাতুন। সহকারী শিক্ষক ফয়েজুর রহমান রথখোলা গ্রামের খোয়াজ উদ্দীনের ছেলে এবং অপর শিক্ষিকা শরিফা খাতুন ২-এর পাতায় দেখুন



## টাঙ্গাইলে ট্রাক-অটোরিকশার সংঘর্ষে ২ জন নিহত, আহত ৭

**নিজস্ব প্রতিবেদক :** ভূঞাপুর থেকে ইটবাহী ট্রাকটি টাঙ্গাইলে যাচ্ছিল; আর বিপরীত দিক এলেঙ্গা থেকে আসছিল অটোরিকশাটি। টাঙ্গাইলের কালিহাতী উপজেলায় ট্রাক ও অটোরিকশার মুখোমুখি সংঘর্ষে দুইজনের প্রাণ গেছে; আহত হয়েছেন আরও সাতজন। গতকাল মঙ্গলবার দুপুরে ভূঞাপুর-টাঙ্গাইল সড়কে উপজেলার নগরবাড়ি এলাকায় এ ঘটনা ২-এর পাতায় দেখুন

## ‘টাকা-রুপি’ সেপ্টেম্বরে চালু হবে ডুয়েল কারেন্সি কার্ড : গভর্নর



**নিজস্ব প্রতিবেদক :** চলতি বছরের সেপ্টেম্বর থেকে ‘টাকা-রুপি’ ডুয়েল কারেন্সি কার্ড চালু হচ্ছে বলে জানিয়েছেন বাংলাদেশ ব্যাংকের গভর্নর আবদুর রউফ তালুকদার। মঙ্গলবার (১১ জুলাই) রাজধানীর একটি হোটেলে বাংলাদেশ ও ভারতের দ্বিপক্ষীয় বাণিজ্যে ভারতীয় রুপির ব্যবহারের উদ্বোধনী অনুষ্ঠানে এ কথা জানান তিনি।
গভর্নর বলেন, চলতি বছরের সেপ্টেম্বরে ‘টাকা-রুপি’ ডুয়েল কারেন্সি কার্ড চালু করা হবে। বর্তমানে ডুয়েল কারেন্সি কার্ড চালুর বিষয়টি প্রক্রিয়াধীন। মূলত ডলার সাশ্রয়ের অংশ হিসেবে কার্ড চালু করার সিদ্ধান্ত নেয়া হয়েছে।
এর আগে চলতি বছরের ১৮ জুন ২০২৩-২৪ অর্থবছরের মুদ্রানীতি ঘোষণার সময় আব্দুর রউফ তালুকদার জানিয়েছিলেন, এখনও কোনো ধরনের কারেন্সি সোয়াপে যায়নি বাংলাদেশ। ভারতের সঙ্গে রুপি দিয়ে বাণিজ্য করার চেষ্টা চলছে। এখন কেউ ভারত যেতে চাইলে শুরুতে টাকাকে ডলারে রূপান্তর করতে হয়, পরে ২-এর পাতায় দেখুন

## কালীগঞ্জ উপজেলার সন্তান শামীম হাসান মেহেরপুরের জেলা প্রশাসক, এলাকাবাসী আনন্দিত ও গর্বিত



**নিজস্ব প্রতিবেদক :** ঝিনাইদহের কালীগঞ্জ উপজেলার কৃতি সন্তান শামীম হাসান মেহেরপুরের জেলা প্রশাসক হিসেবে পদায় হয়েছে। কালীগঞ্জ বাসী আনন্দিত ও গর্বিত। তিনি ২৫তম বিসিএসের একজন ক্যাডার। জনপ্রশাসন মন্ত্রালয়ের মাঠ প্রশাসন-২ শাখার এক প্রজ্ঞাপনের মাধ্যমে বিষয়টি জানানো হয়। জনপ্রশাসন মন্ত্রালয়ের মাঠ ২-এর পাতায় দেখুন

বঙ্গবন্ধুর সৈনিক, শেখ হাসিনার আস্থাভাজন



ঝিনাইদহ-১ শৈলকুপা আসন থেকে বার বার নির্বাচিত সংসদ সদস্য, ঝিনাইদহ জেলা আওয়ামী লীগের সভাপতি, সাবেক প্রতিমন্ত্রী, বীর মুক্তিযোদ্ধা

মোঃ আব্দুল হাই এমপি'র নেতৃত্বে

১৯৯২ সালের ১ জানুয়ারি থেকে প্রকাশিত

১৯৯২ সালের ১ জানুয়ারী থেকে প্রকাশিত দৈনিক এই আমার দেশ
Daily Eai Amar Desh e-paper.eaiamardesh.com www.eaiamardesh.com

এখন নতুন আঙ্গিকে

সম্পাদকমন্ডলীর সম্মানিত সভাপতির গুরুদায়িত্ব নিয়ে তিনি আমাদের গৌরবান্বিত করেছেন এবং ভারপ্রাপ্ত সম্পাদক হিসেবে নিরলস শ্রম দিচ্ছেন

তানভীর হাসান (জিসান হাই)

নিয়মিত দৈনিক এই আমার দেশ পড়ুন, দেশকে ভালোবাসুন।

## মহেশপুর ও কোটচাঁদপুরের ক্লিনিকে ক্লিনিকে মৃত্যুর মিছিল

**নিজস্ব প্রতিবেদক :** সপ্তাহ পার না হতেই কোটচাঁদপুরের সিটি ক্লিনিকের পর এবার মহেশপুরে গ্রামীণ প্রাইভেট হাসপাতাল এন্ড ডায়াগনেষ্টিক সেন্টারের ভুল অপারেশনে বিথী খাতুন নামে এক প্রসূতির মৃত্যু হয়েছে। মৃত্যুর পর লাশ এ্যাম্বুলেন্সে উঠিয়ে রাস্তার মাঝ পথে নেমে পালিয়ে যায় দুই চিকিৎসক ও ক্লিনিক মালিক। শনিবার রাত সাড়ে ৮ টার দিকে এ ঘটনা ঘটে। বিথী খাতুন মহেশপুর উপজেলার বজরাপুর গ্রামের আলী কদরের মেয়ে। সিজারের পর বিথীর একটি ছেলে সন্তান হয়েছে। এ ঘটনায় মহেশপুর উপজেলা স্বাস্থ্য কর্মকর্তা অভিযান চালিয়ে ক্লিনিকটির অপারেশন থিয়েটার সিলগালা করে দেন। বিথী খাতুনের পিতা আলী কদর জানান, মেয়ের প্রসব ব্যাথা উঠলে শনিবার রাত সাড়ে ৭টার দিকে পাশ্ববর্তী গ্রামীন প্রাইভেট হাসপাতালে ভর্তি করা হয়। হাসপাতালের মালিক জুলফিক্কার আলী নরমাল ডেলিভারি সম্ভব না জানিয়ে সিজার করার সিদ্ধান্তের কথা জানান। রাত সাড়ে ৮টার দিকে অপারেশন শুরু করেন ডাক্তার মাসুদ রানা। কিন্তু সময় পেরিয়ে গেলেও অপারেশন শেষ না হওয়ায় সন্দেহ হলে জোর পূর্বক অপারেশন রুমে গিয়ে দেখেন রোগী অজ্ঞান অবস্থায় পড়ে আছে। আলী কদর অভিযোগ করেন, ওটিতে গিয়ে দেখি ডাক্তারের স্থানে ২-এর পাতায় দেখুন

## শাহজাদপুরে জনতা ব্যাংক থেকে ৩ কোটি টাকা নিয়ে উধাও পিয়ন



**নিজস্ব প্রতিবেদক :** সিরাজগঞ্জ জেলার শাহজাদপুর পৌর শহরের দ্বারিয়াপুর বাজারে অবস্থিত জনতা ব্যাংক শাহজাদপুর শাখার শতাধিক গ্রাহকের অ্যাকাউন্ট থেকে রহস্যজনকভাবে প্রায় ৩ কোটি টাকা উধাও হয়ে গেছে। এদিকে ঈদের ছুটির পর থেকে ব্যাংকের পিয়ন কাম পরিছন্নতা কর্মী আওলাদ আকন্দ রঞ্জু স্ত্রী-সন্তানসহ পলাতক রয়েছে। ব্যাংকে আসা সহজ সরল গ্রাহকদের একাউন্টে টাকা জমা দেয়া একাউন্ট থেকে টাকা উত্তোলন ও নতুন একাউন্ট খোলায় সহযোগিতা করার অজুহাতে পিয়ন আওলাদ আকন্দ রঞ্জু নানা কৌশলে গ্রাহকদেরে প্রায় ৩ কোটি টাকা আত্মসাত করেছে বলে অভিযোগ উঠেছে । পিয়ন রঞ্জু পৌরসভার পাড়কোলা মহল্লার মৃত নূরুল ইসলামের ছেলে।
জানা গেছে, ৯ জুলাই রোববার সকালে ২০/২৫ জন গ্রাহক তাদের অ্যাকাউন্ট থেকে টাকা উত্তোলন করতে যান। এ সময় ব্যাংক কর্তৃপক্ষ তাদের একাউন্টে কোনো টাকা নেই বলে জানায়। এ নিয়ে ব্যাংক কর্মকর্তা-কর্মচারীদের সঙ্গে গ্রাহকদের বাকবিতন্ডা শুরু হয়। এদিকে ওই খবর ছড়িয়ে পড়লে শতাধিক নারী ও পুরুষ গ্রাহক ব্যাংকে এসে ভিড় জমায় এবং খোয়া যাওয়া টাকা ফেরতের দাবিতে ২-এর পাতায় দেখুন

১৯৯২ সালের ১ জানুয়ারী থেকে প্রকাশিত

# দৈনিক এই আমার দেশ

Daily Eai Amar Desh

e-paper.eaiamardesh.com

www.eaiamardesh.com

বুধবার ১২ জুলাই ২০২৩

# হিমাগার-মজুতদারদের কারসাজিতে ৩ গুণ আলুর দাম

সপ্তাহের ব্যবধানে আলুর দাম কেজিতে বেড়েছে ১০-১৫ টাকা। চাহিদার চেয়ে আলু উৎপাদন বেশি হয়েছে ২২ লাখ টন। কোল্ডস্টোরেজ মালিকরা দোষ চাপাচ্ছেন মজুতদারদের ওপর। সরকারি হিসাবের সঙ্গে একমত নন কোল্ডস্টোরেজ মালিকরা। দাম নিয়ন্ত্রণে ব্যবস্থা নিতে সংশ্লিষ্টদের চিঠি দিয়েছে কৃষি বিপণন অধিদপ্তর।



**স্টাফ রিপোর্টার :** বাজারে নতুন আলুর কেজি ৪শ টাকাও দেখেছে বাংলাদেশ। তবে বছরের মাঝামাঝি সময়ে চাহিদার উদ্বৃত্ত উৎপাদনের পরও ৫০ টাকা সচরাচর হয় না। নতুন মৌসুম আসতে এখনো ঢের বাকি। এরই মধ্যে আলুর দামের এ অস্বাভাবিক বৃদ্ধিতে বিপাকে ভোক্তারা। মূল্যবৃদ্ধি নিয়ে সরকারের প্রতিবেদন বলছে, হিমাগার ও মজুতদারদের কারসাজিতে বাজারে এ অস্বাভাবিক দাম। বাংলাদেশে আলুর সরবরাহ ও মূল্যবৃদ্ধি প্রসঙ্গে গতকাল (১০ জুলায়) কৃষি মন্ত্রণালয়কে একটি প্রতিবেদন দিয়েছে কৃষি বিপণন অধিদপ্তর। কৃত্রিমভাবে আলুর বাজার অস্থির করার চেষ্টার কারণে অসাধু ব্যবসায়ীদের সরকারি বিভিন্ন তদারকি সংস্থা ও পুলিশ প্রশাসনের মাধ্যমে নিয়ন্ত্রণ করতে হবে বলেও প্রতিবেদনে সুপারিশ করা হয়েছে। গত এক সপ্তাহের ব্যবধানে হঠাৎ করে আলুর দাম ৩৫ টাকা থেকে বেড়ে ৪৫ থেকে ৫০ টাকা কেজি ২-এর পাতায় দেখুন

## যুবলীগ কর্মির অপপ্রচারের প্রতিবাদ করলেন ইউপি চেয়ারম্যান

**চুয়াডাঙ্গা প্রতিনিধি :** চুয়াডাঙ্গায় কামাল হোসেন নামের এক যুবলীগ কর্মির অপপ্রচারের প্রতিবাদে সংবাদ সম্মেলন করেছেন জেহালা ইউপি চেয়ারম্যান মোকলেছুর রহমান শিলন। মঙ্গলবার বেলা ৩টায় চুয়াডাঙ্গা প্রেসক্লাবের সভাকক্ষে এ সম্মেলনের আয়োজন করা হয়। সংবাদ সম্মেলনে ইউপি সদস্যসহ সংশ্লিষ্ট ইউনিয়ন যুবলীগের নেতাকর্মিরা উপস্থিত ছিলেন।
সংবাদ সম্মেলনে লিখিত বক্তব্য পাঠ করেন আলমডাঙ্গা উপজেলার জেহালা ইউপি চেয়ারম্যান মোকলেছুর রহমান শিলন। তিনি বলেন, জেহালা ইউনিয়নের গড়চাপড়া গ্রামের আবদুল হান্নানের ছেলে কামাল হোসেন দীর্ঘদিন মাদক ব্যবসার সাথে জড়িত। সে একটি হত্যা মামলার প্রধান আসামী। মোকলেছুর রহমান শিলন চেয়ারম্যান নির্বাচিত হওয়ার পর একাধিকবার মাদক ব্যবসা থেকে সরে আসার জন্য বলা হয়। এতে সে ক্ষিপ্ত হয়ে চেয়ারম্যান শিলনের নামে নানা অপপ্রচার চালাতে থাকে। গত সোমবার সে চুয়াডাঙ্গা প্রেসক্লাবে এসে মিথ্যা ও বানোয়াট তথ্য দিয়ে সংবাদ সম্মেলন করে।
সাংবাদিকদের প্রশ্নের জবাবে ইউপি চেয়ারম্যান মোকলেছুর রহমান শিলন বলেন, কামাল হোসেন একজন চিহ্নিত মাদক ব্যবসায়ী ও হত্যা মামলার প্রধান আসামী। সে একাধিকবার মাদকদ্রব্যসহ র‍্যাব ও পুলিশের হাতে আটক হয়েছে। আমার ২-এর পাতায় দেখুন

## শিক্ষার্থী, ভিক্ষুক, অসচ্ছল ক্রীড়া ও সংস্কৃতি কর্মীদের মাঝে চেক ও ট্যাব বিতরণ



**মেহেরপুর প্রতিনিধিঃ** স্মার্ট বাংলাদেশ গঠনে প্রধানমন্ত্রীর উপহার হিসাবে ৯ম ও ১০ম শ্রেণির মেধাবী শিক্ষার্থীদের মাঝে ট্যাব বিতরণ, ভিক্ষুক পুনর্বাসন কর্মসূচির আওতায় চেক বিতরণ, মেহেরপুর জেলার অসচ্ছল সংস্কৃতিসেবী ও ক্রীড়াসেবীদের মাঝে চেক বিতরণী অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে। মঙ্গলবার দুপুরের দিকে মেহেরপুর জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন এমপি প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে চেক ও ট্যাব বিতরণ করেন। অনুষ্ঠানে মেহেরপুরের জেলা প্রশাসক মোহাম্মদ আজিজুল ইসলামের সভাপতিত্বে অন্যদের মধ্যে বক্তব্য রাখেন মেহেরপুর জেলা সমাজসেবা কর্মকর্তা কাজী কাদের মোহাম্মদ ফজলে রাব্বি, ক্রীড়া কর্মকর্তা আরিফ আহমেদ। এই সময় অন্যদের মধ্যে ২-এর পাতায় দেখুন

## যশোরে ডেঙ্গু প্রতিরোধে নেই প্রত্যাশিত তৎপরতা

**এস আর নিরব, যশোর :** ডেঙ্গুর ঝুঁকিতে থাকা যশোরে মশা নিধনে স্প্রে বা এডিশ মশার লার্ভা ধ্বংসে প্রত্যাশিত তৎপরতা নেই বলে অভিযোগ করেছেন শহরবাসী। তারা বলছেন, ইতোমধ্যে সদর ও অভয়নগরসহ কয়েক এলাকায় ডেঙ্গু রোগী সনাক্ত হলেও মশার লার্ভা ধ্বংসে অভিযান চালানো হয়নি। শুধু তাই নয়, স্বাস্থ্য বিভাগ যশোর সদর ও অভয়নগর উপজেলাকে ডেঙ্গুর 'রেড জোন' ঘোষণা করেছে। কিন্তু সংশ্লিষ্টদের ডেঙ্গু পরিস্থিতি মোকাবিলায় শুধু হাকডাকই বেশি শোনা যাচ্ছে। যদিও সোমবার যশোর শহরের ৬ নং ওয়ার্ডের কিছু স্থানে মশা নিধনে স্প্রে করা হয়েছে মাত্র। কিন্তু ৯টি ওয়ার্ডে একসঙ্গে মশক নিধন কার্যক্রম শুরু না হওয়ায় সুফল আসবে না বলে মনে করছেন শহরবাসী।
অবশ্য যশোর পৌরসভার মেয়র বীরমুক্তিযোদ্ধা হায়দার গনি খান পলাশ জানিয়েছেন, চলতি মাসের শেষে ৯টি ওয়ার্ডে একসঙ্গে মশক নিধন কার্যক্রম শুরু করা হবে। ডেঙ্গু ভাইরাস থেকে ২-এর পাতায় দেখুন

## ফকিরহাটে নারকেল গাছ থেকে পড়ে দিনমুজুরের মৃত্যু

**নিজস্ব প্রতিবেদক :** বাগেরহাটের ফকিরহাটে নারকেল গাছ থেকে পড়ে ইউসুফ শেখ (৬৫) নামে এক দিনমুজুরের মৃত্যু হয়েছে। মঙ্গলবার (১১ জুলাই) সকাল সাড়ে ৯টার দিকে উপজেলার মানসা সাহাপাড়া এলাকায় কল্পনা চক্রবর্তীর বাড়ির নারকেল গাছ থেকে পরে তার মৃত্যু হয়।
নিহত দিনমুজুর ইউসুফ শেখ মধ্যবাহিরদিয়া গ্রামের মৃত কোহিল উদ্দিনের ছেলে।
ফকিরহাট ২-এর পাতায় দেখুন




## সুইডেনে কোরআন পোড়ানোর প্রতিবাদে সাতক্ষীরার পাটকেলঘাটায় বিক্ষোভ সমাবেশ

**হাসানুর রহমান হাসান, সাতক্ষীরা :** সুইডেনে পবিত্র কোরআন পোড়ানোর প্রতিবাদে সাতক্ষীরার পাটকেলঘাটায় উলামা মাশায়েখ ও সর্বস্তরের তাহহিদী জনতা বিক্ষোভ সমাবেশ করেছেন । মঙ্গলবার বেলা ১১ টায় শত শত মুসল্লি ছিদ্দিকিয়া মাদরাসায় একত্রিত হয়ে বিক্ষোভ সমাবেশ অংশ নেন। পুলিশি বাধার মুখে পুরাতন জনতাব্যাংকের সামনে প্রতিবাদ সভা অনুষ্ঠিত হয়। পাটকেলঘাটা ছিদ্দিকিয়া মাদরাসার মুহতামিম মাও মনিরুল হকের সভাপতিত্বে সভায় বক্তব্য রাখেন ২-এর পাতায় দেখুন

## গাংনীতে ভিক্ষুক পুনর্বাসনের লক্ষ্যে চেক বিতরণ

**গাংনী প্রতিনিধিঃ** মেহেরপুরের গাংনীতে ভিক্ষুক পুনর্বাসন ও বিকল্প কর্মসংস্থানের ও আওতায় অনুদানের চেক বিতরণ করা হয়েছে। মঙ্গলবার উপজেলা প্রশাসন ও উপজেলা সমাজসেবার আয়োজনে এ চেক বিতরণ করা হয়। গাংনী উপজেলা নির্বাহী অফিসার সাজিয়া সিদ্দিকা সেতুর সভাপতিত্বে ও উপজেলা সমাজসেবা অফিসার আরশেদ আলীর সঞ্চালনায় চেক বিতরণ করেন মেহেরপুর-০২ (গাংনী) আসনের সংসদ সদস্য মোহাম্মদ সাহিদুজ্জামান খোকন । এসময় গাংনী উপজেলা ২০ জনের মাঝে ৪৫ হাজার টাকা করে ৯ লাখ টাকার চেক বিতরণ করা হয়। এসময়, মেহেরপুর জেলা সমাজসেবা কার্যালয়ের উপ-পরিচালক ফজলে রাব্বি, গাংনী উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান ফারহানা ইয়ামিন, কাথুলী ইউপি চেয়ারম্যান মিজানুর রহমান রানা,তেতুঁলবাড়িয়া ইউপি চেয়ারম্যান নাজমুল হুদা বিশ্বাস,কাজিপুর ইউপি চেয়ারম্যান মু.আলম হুইসাইন, বামন্দী ইউপি চেয়ারম্যান ওবাইদুর রহমান কমল, মটমুড়া ইউপি চেয়ারম্যান সোহেল আহম্মেদ, ধানখোলা ইউপি চেয়ারমান আব্দুর রাজ্জাক, সাহারবাটি ইউপি চেয়ারম্যান মশিউর রহমান, রাইপুর ইউপি চেয়ারম্যান গোলাম সাকলাইন সেপু, ষোলটাকা ইউপি চেয়ারম্যান আনোয়ার হোসেন পাশাসহ সরকারি বিভিন্ন দপ্তরের কর্মকর্তা কর্মচারী, সুবিধাভোগীরা উপস্থিত ছিলেন। এ সময় ভিক্ষুক মুক্ত করতে সরকারের বিভিন্ন পদক্ষেপের কথা তুলে ধরেন।




## দুবাই পালানোর সময় বিমান থেকে আসামি গ্রেপ্তার

**নিজস্ব প্রতিবেদক :** সুনামগঞ্জের শান্তিগঞ্জে কাঁঠালের নিলামকে কেন্দ্র করে দু'পক্ষের সংঘর্ষে চারজন নিহতের ঘটনায় মূল পরিকল্পনাকারী এবাদুল হককে দুবাইগামী একটি ফ্লাইট থেকে গ্রেপ্তার করেছে পুলিশ। সোমবার (১০ জুলাই) রাতে সিলেট ওসমানী আন্তর্জাতিক বিমানবন্দর থেকে তাকে গ্রেপ্তার করা হয়।
নিহতরা হলেন উপজেলার হাসন-াবাদ গ্রামের আবদুল লতিফের ছেলে নুরুল হক (৪৫), আব্দুস সুফির ছেলে বাবুল মিয়া (৫০), আব্দুল বাসিরের ছেলে শাহজাহান মিয়া (৫৫) ও আছির মাহমদের ছেলে মুখলেছুর রহমান (৬০)।
পুলিশ জানায়, ঘটনার পরপরই সিলেট ওসমানী আন্তর্জাতিক বিমানবন্দর থেকে দুবাইগামী একটি ফ্লাইটে ২-এর পাতায় দেখুন



## পায়রা বিদ্যুৎকেন্দ্রের জন্য কয়লা নিয়ে এলো পঞ্চম বিদেশি জাহাজ

**স্টাফ রিপোর্টার :** পটুয়াখালীর কলাপাড়ার ১৩২০ মেগাওয়াট পায়রা তাপবিদ্যুৎ কেন্দ্রের জন্য ৩৭ হাজার ১৩৩ মেট্রিক টন কয়লা নিয়ে এসেছে 'এমভি সাগরকান্তা' নামে একটি মাদার ভ্যাসেল। এক সপ্তাহ আগে ইন্দোনেশিয়ার বালিকপানান বন্দর ছেড়ে আসে এ জাহাজটি।
সোমবার (১০ জুলাই) শেষ বিকালে পায়রা বন্দরের আউটারেজে পৌঁছায় এমভি সাগর কান্তা। মঙ্গলবার সকালে জাহাজটি বন্দরের ইনার অ্যাংকোরেজে নিয়ে আসা হয়। বর্তমানে চলছে লাইটারের ২-এর পাতায় দেখুন

## গাংনীতে বিভিন্ন রোগে আক্রান্ত রোগীদের মাঝে চেক বিতরণ

**গাংনী প্রতিনিধিঃ** মেহেরপুরের গাংনীতে ক্যান্সার, কিডনি, লিভার সিরোসিস, স্ট্রোক, প্যারালাইজড, থ্যালাসেমিয়া ও জন্মগত হৃদরোগে আক্রান্ত রোগীদের এককালিন সরকারি অনুদানের চেক বিতরণ করা হয়েছে। মঙ্গলবার বিকেল ৪টার দিকে গাংনী উপজেলা পরিষদ সম্মেলন কক্ষে আনুষ্ঠানিক ভাবে এসব চেক বিতরণ করা হয়। উপজেলা প্রশাসন ও উপজেলা সমাজসেবা কার্যালয় চেক বিতরণের আয়োজন করে।
উপজেলার বিভিন্ন গ্রামের ৩৪ জন জটিল রোগীকে জন প্রতি ৫০ হাজার টাকা প্রদান করা হয়। সেই সাথে ২০ জন ভিক্ষুককে পূনর্বাসন করার জন্য জন প্রতি ৪৫ হাজার টাকা করে প্রদান করা হয়। চেক বিতরণ অনুষ্ঠানে সভাপতিত্ব করেন উপজেলা নির্বাহী অফিসার সাজিয়া সিদ্দিকা সেতু। প্রধান অতিথি হিসাবে উপস্থিত থেকে চেক বিতরণ করেন মেহেরপুর-২ (গাংনী) আসনের সংসদ সদস্য মোহাম্মদ সাহিদুজ্জামান খোকন। এসময় মেহেরপুর জেলা সমাজসেবা কার্যালয়ের উপ-পরিচালক ফজলে রাব্বি, গাংনী উপজেলা ২-এর পাতায় দেখুন




## গ্রামীণ সড়কের উন্নয়নে সহায়তা দেবে এডিবি

**নিজস্ব প্রতিবেদক :** বাংলাদেশের গ্রামীণ সড়ক উন্নয়নের জন্য ১৯০ মিলিয়ন ডলারের অতিরিক্ত ঋণ অনুমোদন করেছে এশিয়ান ডেভেলপমেন্ট ব্যাংক (এডিবি)।
গতকাল এডিবির ওয়েবসাইটে প্রকাশিত এক বিজ্ঞপ্তিতে ঋণের এ তথ্য জানানো হয়।
বিজ্ঞপ্তিতে জানানো হয়, অতিরিক্ত এ অর্থায়নের মাধ্যমে সব ধরনের আবহাওয়ার উপযোগী করে ১৩৫০ কিলোমিটার সড়কের সংস্কার হবে। উপজেলা পর্যায়ে ১৮০টি সড়ক রক্ষণাবেক্ষণ কার্যালয়ে ট্রাক ও অন্যান্য সরঞ্জাম সরবরাহ করা হবে, যা জলবায়ু পরিবর্তনের সঙ্গে সঙ্গে স্থানীয় সরকার প্রকৌশল অধিদফতরের সক্ষমতা বাড়াবে।
এ বিষয়ে এডিবির প্রধান পল্লী উন্নয়ন বিশেষজ্ঞ মাসাহিরো নিশিমুরা জানিয়েছেন, গ্রামীণ বাংলাদেশের আর্থ-সামাজিক উন্নয়ন প্রকল্পের দ্বিতীয় অতিরিক্ত অর্থায়ন এটি। যা দেশটির গ্রামীণ সড়কের উন্নয়নে ভূমিকা রাখবে। কৃষি এলাকাগুলোকে আরও উৎপাদনশীল করে তুলবে। এছাড়া জলবায়ু পরিবর্তন ও দুর্যোগপূর্ণ অবস্থায় গ্রামীণ এলাকার মানুষের জীবনমানের উন্নতিতে সহায়ক ভূমিকা রাখবে।

## আজ যশোর জেলা স্বেচ্ছাসেবকলীগের ত্রিবার্ষিক সম্মেলন

### সিসি ক্যামেরার আওতায় পুরো ময়দান



**এস আর নিরব, যশোর :** আজ যশোর জেলা স্বেচ্ছাসেবক লীগের ত্রিবার্ষিক সম্মেলন অনুষ্ঠিত হবে। সিসি ক্যামেরার আওতায় পুরো ময়দান। আর দেড়শ মাইকের আওতায় পুরো ময়দান। প্রস্তুত করা হয়েছে প্যান্ডেল ও সাজসজ্জা। সম্মেলন স্থল কেন্দ্রীয় ঈদগাহ ময়দান ত্রিপলে ঢাকা। আলোর ব্যবস্থাসহ মাথার ওপরে রয়েছে দেড়শ বৈদ্যুতিক ফ্যান। বসার জন্যে সাত হাজারের বেশি চেয়ার। মঞ্চের ব্যাক স্কিন 'এলইডি'। পুরো ময়দান থাকবে সিসি ক্যামেরার আওতায়। বক্তব্য শোনার জন্যে ময়দান এবং আশপাশ এলাকায় দেড়শ মাইক বসানো হয়েছে। আইনশৃংখলা রক্ষায় পুলিশ প্রশাসন দায়িত্ব পালন করবেন। সম্মেলন হবে সুশৃঙ্খল।

## যশোরে নিখোঁজ ইজিবাইক চালক বুলবুলের অর্ধগলিত লাশ উদ্ধার

**নিজস্ব প্রতিবেদক :** যশোর-বেনাপোল সড়কের নতুনহাটে গ্রামের একটি পাটক্ষেতে পড়ে থাকা অর্ধগলিত লাশের পরিচয় মিলেছে। তার নাম বুলবুল হোসেন। তিনি রাজারহাট রামনগর গ্রামের মৃত রশিদ শিকদারের ছেলে। পেশায় ইজিবাইক চালক ছিলেন। শুক্রবার বাড়ি থেকে বেরিয়ে নিখোঁজ হন। প্রাথমিকভাবে ধারণা করা হচ্ছে ছিনতাইকারীরা তাকে খুন করে ইজিবাইক নিয়ে পালিয়ে গেছে।
গত সোমবার বিকেলে নতুন হাটের ক্ষেত মালিক পাট কাটতে গেলে প্রথমে দুর্গন্ধ পান। একটু এগিয়ে দেখতে পান একটি মরদেহ পড়ে আছে। মশা-মাছি উড়ছে। পরে খবর ২-এর পাতায় দেখুন



## জাতীয় শিশু পুরষ্কার প্রতিযোগিতায় ঝিনাইদহ সরকারি উচ্চ বিদ্যালয়ের ঈর্ষণীয় সাফল্য

**নিজস্ব প্রতিবেদক :** ঝিনাইদহে অনুষ্ঠিত হচ্ছে জাতীয় শিশু পুরষ্কার প্রতিযোগিতা ২০২২ ও ২০২৩। গত ১০জুলাই ও ১১জুলাই অনুষ্ঠিত ক্রীড়া ও শিক্ষা বিষয়ক প্রতিযোগিতায় ঝিনাইদহ সরকারি উচ্চ বিদ্যালয় অর্জন করেছে ২০টি পুরষ্কার। জাতীয় শিশু পুরস্কার প্রতিযোগিতা ২০২২ ও ২০২৩ এর ক্রিড়া ও শিক্ষা বিষয়ক প্রতিযোগিতার উপজেলা পর্যায়ে ২০টি পুরস্কার লাভ করেছে শিক্ষার্থীরা । যার ৮টি প্রথম ২-এর পাতায় দেখুন

## শৈলকুপায় বসতঘর থেকে বিষধর গোখরা সাপের ৪০ বাচ্চা উদ্ধার

**চঞ্চল মাহমুদ, শৈলকুপা :** ঝিনাইদহের শৈলকুপায় বসতঘর থেকে বিষধর গোখরা সাপের ৪০ বাচ্চা উদ্ধার করেছে গ্রামবাসী। ঘটনাটি মঙ্গলবার সকাল থেকে দুপুর পর্যন্ত উপজেলার পৌর এলাকার অনন্ত বাদালশো গ্রামে মনিকুমারের বাড়িতে। উদ্ধারের সাথে সাথে সাপের ৪০ বাচ্চায় হত্যা করা হয় বলে দেখা যায়। এ ঘটনার একদিন আগে পার্শ্ববর্তী আউশিয়া গ্রামের রশিদার রহমানের বাড়ি থেকে একটি বড় গোখরা ও তার ২৫টি ডিম উদ্ধার করা হয়। হঠাৎ সাপের এ ধরনের বিস্তারে এলাকায় আতংক বিরাজ করছে।
অনন্ত বাদালশো গ্রামের মনিকুমার জানান, কয়েকদিন থেকে তারা তাদের বাড়িতে সাপের উপস্থিতি টের পাচ্ছিলেন। গত সোমবার বিকালে একটি গোখরা সাপের বাচ্চা বাড়ির মধ্য থেকে হত্যা করা হয়। এরপর মঙ্গলবার সকালে আরো তিনটি বাচ্চা হত্যা করা হয়। এরপর একই দিন সকাল ১০টা থেকে দুপুর পর্যন্ত পার্শ্ববর্তী হরিহরা গ্রামের সাপ ধরায় পারদর্শী উকিল মন্ডল বসতঘর কুপিয়ে গর্ত থেকে ৪০টি গোখরা সাপের বাচ্চা উদ্ধার করে। পরে গ্রামবাসী এ সাপগুলো হত্যা করে বলে তিনি জানান। হঠাৎ সাপের এ বংশ বিস্তারে এলাকায় আতংক বিরাজ করছে বলে তিনি আরো জানান।
আউশিয়া গ্রামের রশিদার ২-এর পাতায় দেখুন





## মুজিবনগরে বীর মুক্তিযোদ্ধার স্ত্রীকে অর্থ প্রদান

**মেহেরপুর প্রতিনিধিঃ** বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর মহাপরিচালকের পক্ষ থেকে ওয়েলফেয়ার শাখার মাধ্যমে ১৯৭১ সালের ১৭ এপ্রিল মুজিবনগর সরকারকে গার্ড অব অনার প্রদানকারী বীর মুক্তিযোদ্ধা আনসার সদস্য মরহুম হামিদুল হকের স্ত্রী মোছাঃ জাহিদা খাতুনের শারীরিক চিকিৎসার জন্য এককালীন অর্থ প্রদান ২-এর পাতায় দেখুন

## ১২ বছর পর মেহেরপুর পৌর কাউন্সিলর হত্যা মামলার যাবজ্জীবন সাজাপ্রাপ্ত আসামি গ্রেপ্তার



**মেহেরপুর প্রতিনিধিঃ** মেহেরপুর পৌরসভার কাউন্সিলর ও যুবলীগ নেতা মিজানুর রহমান রিপন হত্যা মামলার যাবজ্জীবন সাজাপ্রাপ্ত আসামি মাসুদ রানা (৪৫) গ্রেপ্তার করেছে গাংনী থানা পুলিশ। সোমবার ১০ জুলাই দিবাগত রাতে ফরিদপুর থেকে তাকে গ্রেপ্তার করে। গ্রেপ্তারকৃত মাসুদ রানা গাংনী উপজেলার থানাপাড়ার সেকেন্দার আলী ছেলে। গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুর রাজ্জাক জানান, মেহেরপুর পৌরসভার কাউন্সিলর ও যুবলীগ নেতা রিপন হত্যা মামলার যাবজ্জীবন সাজাপ্রাপ্ত এবং অন্য আরও একটি মামলায় সাজাপ্রাপ্ত হয়ে পলাতক ছিল আসামি মাসুদ। তিনি আরো জানান, মাসুদের বিরুদ্ধে চাঁদাবাজী, বোমাবাজি, মানুষ হত্যা ও অন্যান্য সন্ত্রাসী কার্যকলাপের অভিযোগে মামলা আছে। আদালতের গ্রেফতারী পরোয়ানা অনুযায়ী গেল রাতে ফরিদপুরে অভিযান চালায় পুলিশ। পরে পুলিশ মাসুদকে গ্রেফতার করে মেহেরপুর থানায় ২-এর পাতায় দেখুন




সম্পাদকমন্ডলীর সভাপতি : **আব্দুল হাই এমপি (সাবেক প্রতিমন্ত্রী)** সম্পাদক ও প্রকাশক : **আলী কদর পলাশ,** ভারপ্রাপ্ত সম্পাদক : **তানভীর হাসান (জিসান হাই)**,ব্যবস্থাপনা সম্পাদক : **আশরাফুল আলম চঞ্চল,** নির্বাহী সম্পাদক : **তুহিন আরণ্য**
**সম্পাদক ও প্রকাশক আলী কদর পলাশ** কর্তৃক ঢাকা : হাউস ১৭ রোড ২৮ ধানমন্ডি, ঢাকা-১২০৫। **ঝিনাইদহ অফিস : হোল্ডিং নম্বর ০০৬২-০০, রাস্তা ০৯,০৯১ (এমপি হাই সাহেবের বাসভবন) আরাপপুর, ঝিনাইদহ।**। চুয়াডাঙ্গা থেকে প্রকাশিত এবং মেসার্স আলিফ প্রিন্টিং প্রেস ২২১ ফকিরাপুল, মতিঝিল, ঢাকা-১০০০ থেকে মুদ্রিত । ই-মেইল : eaiamardesh@gmail.com ফোন: ০১৭৫৮-২৮২৩৪৫, ০১৭৩৪-১০৪৪১৪ **বিজ্ঞাপন-সার্কুলেশন : ০১৯৬৯৮৩১৯১৮**



# সহজ ম্যাচও হাতছাড়া করল বাংলাদেশের মেয়েরা

**স্পোর্টস প্রতিবেদক :** অল্প পুঁজি নিয়েও শুরু থেকেই বাংলাদেশকে চেপে ধরেছিল ভারত। ফলে ম্যাচটি একবার টাইগ্রেসদের তীরে তো আরেকবার ভিড়তে থাকে সফরকারীদের। স্বাগতিকদের পানসে ব্যাটিং পারফরম্যান্সের পাশে একমাত্র উজ্জ্বল নাম অধিনায়ক নিগার সুলতানা জ্যোতি। কিন্তু বাংলাদেশের যখন আর ৮ বলে ১০ রান প্রয়োজন, তখনই জ্যোতি আউট হয়ে যান। সেখানেই শেষ হয়ে যায় টাইগ্রেসদের জয়ের স্বপ্ন। টানা দুই ম্যাচ জিতে সিরিজ ভারতের।

এর আগে মিরপুরে টস জিতে আগে ব্যাটিং করে বিপর্যয়ে পড়েছিল সফরকারী মেয়েরা। প্রথম ম্যাচ ৭ উইকেটের বড় ব্যবধানে জিতে তারা সিরিজে এগিয়ে ছিল। তবে এই ম্যাচে মাত্র ৯৫ রান সংগ্রহ করায় সমতায় ফেরার ভালো সুযোগ ছিল জ্যোতিদের। কিন্তু সেই সহজ লক্ষ্যের বিপরীতেও এক জ্যোতি বাদে কোনো ব্যাটারই দুই অঙ্কের ঘরে পৌঁছাতে পারেননি। হারমনপ্রীত কৌরের দল জয় পেয়েছে ৮ রানে। সহজ রানতাড়ায় বাংলাদেশের ওপেনিং জুটি ভাঙে মাত্র ১০ রানে। স্পিনার মিন্নু মানির দ্বিতীয় বলেই ৫ রানে ক্যাচ আউট হন শামীমা সুলতানা। এরপর দুই রান যোগ হতে ফেরেন আরেক ওপেনার সাথী রানিও, তারও সংগ্রহ সমান ৫ রান। এরপর ওয়ানডাউনে নামা টাইগ্রেস ব্যাটার মুরশীদা খাতুনকে রান তুলতে বেশ সংগ্রাম করতে হয়েছে। ১৫ বলে তিনি মাত্র ৪ রান করে ফেরেন। এভাবে স্বাগতিকদের আসা-যাওয়ার চিত্র দেখা গেছে পুরো ম্যাচজুড়েই। একপ্রান্তে নিয়মিত বিরতিতে সতীর্থদের উইকেটের পতন দেখলেও, অবিচল ছিলেন জ্যোতি। তবে তার আউটেই সিরিজ ফসকে যায় টাইগ্রেসদের হাত থেকে। ৫৫ বলে তিনি করেন ৩৮ রান। পুরো স্কোরবোর্ডে তাকালে বাকি ব্যাটারদের দৈন্যদশাই কেবল চোখে পড়বে। তাদের মধ্যে সর্বোচ্চ রান ৭, এসেছে স্বর্না আক্তারের ব্যাট থেকে। ভারতের হয়ে সর্বোচ্চ ৩টি করে উইকেট নিয়েছেন দিপ্তী ও শেফালি ভার্মা। মানি ২টি এবং আনুশা একটি উইকেট নেন।

এর আগে টস জিতে ব্যাট করতে নেমে ওপেনিং জুটিতে স্মৃতি মান্দানা এবং শেফালি যোগ করেন ৩৩ রান। এরপরই তারা নিয়মিত বিরতিতে উইকেট হারিয়েছে। শেফালি সর্বোচ্চ ১৯, মান্দানা ১৩, ইয়াস্তিকা ভাটিয়া ১১, দিপ্তী শর্মা ১০ এবং আমানজত কৌর ১৪ রান করেন। নির্ধারিত ওভারে তারা সংগ্রহ করে ৯৫ রান।

সেই রানও বাংলাদেশ টপকাতে ব্যর্থ।

বাংলাদেশের হয়ে সুলতানা খাতুন সর্বোচ্চ ৩টি এবং ফাহিমার শিকার দুই উইকেট। এছাড়া মারুফা আক্তার, নাহিদা আক্তার ও রাবেয়া খান একটি করে উইকেট নেন।



# জিম্বাবুয়ের ফুটবলে স্বস্তির সংবাদ

**স্পোর্টস প্রতিবেদক :** বিশ্বকাপ বাছাই শুরুর আগেই ফুটবল নিয়ন্ত্রক সংস্থা ফিফার কাছ থেকে স্বস্তির সংবাদ পেলো জিম্বাবুয়ের ফুটবল দল। প্রায় দেড় বছর পর তাদের উপর থেকে নিষেধাজ্ঞা সরিয়ে নিয়েছে ফিফা। এই সিদ্ধান্তের পর ২০২৬ সালের বিশ্বকাপ বাছাইয়ের জন্য অংশ নিতে পারবে দেশটি। গত বছরের ফেব্রুয়ারি মাসে জিম্বাবুয়ের ফুটবলের উপর অনির্দিষ্টকালের জন্য নিষেধাজ্ঞা দিয়েছিল ফিফা। অভিযোগ ছিলো, দেশটির ফুটবল ফেডারেশনের উপর সরাসরি হস্তক্ষেপ করেছে দেশটির সরকার। আর এই নিষেধাজ্ঞার কারণে লম্বা সময় মাঠে নামা হয়নি ফুটবলারদের। তবে, বিশ্বকাপের আফ্রিকা অঞ্চলের ড্রয়ের ঠিক আগে শর্তসাপেক্ষে তাদের উপর থেকে নিষেধাজ্ঞা তুলে নিয়েছে ফিফা। জিম্বাবুয়ের নিষেধাজ্ঞা তুলে নেয়ার পাশাপাশি একটি বিবৃতি দিয়েছে ফিফা। তাতে জানানো হয়, জিম্বাবুয়ের অ্যাসোসিয়েশনের পরবর্তী নির্বাচন পর্যন্ত কাজ চালিয়ে নেয়ার জন্য একটি 'নিয়মমাফিককরণ কমিটি' নিয়োগ দেয়া হয়েছে। ফিফার দাপ্তরিক নিয়ম অনুযায়ী, সদস্য দেশগুলোর ফেডারেশনে কোনো রকম সরকারি হস্তক্ষেপ পুরোপুরি নিষিদ্ধ। তবে, সরকার থেকে প্রাপ্ত অর্থ যথাযথ ব্যবহার না করায় ২০২১ সালের নভেম্বরে জিম্বাবুয়ের অ্যাসোসিয়েশনের নির্বাহী কমিটিকে বিলুপ্ত করে দিয়েছিল 'স্পোর্টস অ্যান্ড রিক্রিয়েশন কমিশন।' এটি জিম্বাবুয়ের সরকার নিয়ন্ত্রিত একটি সংস্থা।

ফিফার দেয়া নিষেধাজ্ঞার কারণে ২০২৩ সালের আফ্রিকান কাপ অব নেশন্সের প্রাথমিক পর্যায়ে অংশগ্রহণ করতে পারেনি জিম্বাবুয়ে। তবে এই নিষেধাজ্ঞা তুলে নেয়ায়, এখন থেকেই ফুটবল এখন স্বাভাবিক কার্যক্রম শুরু করতে পারবে। যার ফলে ২০২৬ সালের বিশ্বকাপ বাছাই পর্বেও দেখা যাবে দেশটিকে।




# এক লাফে ৮০ শতাংশ ব্র্যান্ড ভ্যালু বাড়ল আইপিএলের

**স্পোর্টস ডেস্ক :** জমকালো আয়োজন আর অর্থের ছড়াছড়িতে সব ফ্র্যাঞ্চাইজি ?টুর্নামেন্টের চেয়ে এগিয়ে ইন্ডিয়ান প্রিমিয়ার লিগ (আইপিএল)। স্বাভাবিকভাবেই তাদের ব্র্যান্ড ভ্যালুও অনেক বেশি। সর্বশেষ ২০২৩ সালের ১৬তম আসরে যা আরও ৮০ শতাংশ বেড়েছে। আগের আসরে আইপিএলের ভ্যালু ছিল ১.৮ বিলিয়ন মার্কিন ডলার (প্রায় ১৯,৪৬২ কোটি ৫১ লাখ ৮০ হাজার টাকা)। যা বর্তমানে বেড়ে দাঁড়িয়েছে ৩.২ বিলিয়ন ডলারে (৩৪,৬০০ কোটি ৩ লাখ ২০ হাজার টাকা)।

ভারতীয় সংবাদমাধ্যম টাইমস অব ইন্ডিয়া এই তথ্য জানিয়েছে। ২০২২ সালে গে-াবাল ইনভেস্টমেন্ট ব্যাংক এবং আমেরিকান সংস্থা হোলিহান লোকি যৌথভাবে একটি ব্র্যান্ড মূল্যায়ন সমীক্ষা চালিয়েছিল। সোমবার প্রকাশিত এর ফলাফলে ওঠে এসেছে আইপিএলের আর্থিক সাফল্যের রেকর্ড।

এক প্রতিবেদনে আমেরিকান সংস্থাটি বলছে, এবারের আইপিএলের আর্থিক সাফল্যে ব্যাপক ঊর্ধ্বগতি লক্ষ্য করা গেছে। বছরের শুরুতে একটি প্রতিযোগিতামূলক নিলামের পর ২০২৩-২০২৭ মেগা চুক্তিতে মিডিয়া স্বত্ত্ব কিনে নেয় ভায়াকম ১৮ এবং ডিজনি স্টার। আইপিএলের মিডিয়া স্বত্ত্ব ২০০৮ থেকে ২০২৩ পর্যন্ত ১৮ শতাংশ ছিল, কিন্তু ২০১৭-২০২৩ চক্রের মধ্যে বৃদ্ধি পেয়েছে প্রায় ১৯৬ শতাংশ।

জানা গেছে, আইপিএলের সম্প্রচার ফি বিশ্বের অন্যান্য পেশাদার লিগের মতো প্রতি ম্যাচের ভিত্তিতে তুলনা করা হয়। যেখানে দেখা যায়, গ-্যামারাস এই টি-টোয়েন্টি লিগের স্কোর ন্যাশনাল বাস্কেটবল অ্যাসোসিয়েশন (ঘইঅ), ইংলিশ প্রিমিয়ার লিগ (ইপিএল) এবং বুন্দেসলিগার চেয়েও বেশি। এনএফএলের পরই রয়েছে আইপিএল।

দলগত দিক থেকে ব্র্যান্ড ভ্যালুতে সবার ওপরে অবস্থান বর্তমান আইপিএল চ্যাম্পিয়ন চেন্নাই সুপার কিংস। আগের আসরে তাদের ভ্যালু ছিল ১৪৬ মিলিয়ন মার্কিন ডলার, যা এবার ২১২ মিলিয়ন মার্কিন ডলারে উন্নীত হয়েছে। তাদের মহেন্দ্র সিং ধোনির দলের ভ্যালু বেড়েছে ৪৫.২ শতাংশ। এরপর অবস্থান বিরাট কোহলির রয়্যাল চ্যালেঞ্জার্স বেঙ্গালুরুর। ব্র্যান্ড ভ্যালু ৫২.৩ শতাংশ বৃদ্ধি পেয়ে বর্তমানে তাদের অর্জন ১৯৫ মিলিয়ন মার্কিন ডলার। ব্র্যান্ড ভ্যালুর দিক থেকে তিন নম্বরে অবস্থান পাঁচবারের আইপিএল চ্যাম্পিয়ন মুম্বাই ইন্ডিয়ান্সের।

# ইমরান খানের বিরুদ্ধে জামিন অযোগ্য গ্রেপ্তারি পরোয়ানা

**আন্তর্জাতিক ডেস্ক :** নির্বাচনী সংস্থা ও প্রধান নির্বাচন কমিশনারকে (সিইসি) অবমাননার মামলায় পাকিস্তানের সাবেক প্রধানমন্ত্রী ইমরান খানের বিরুদ্ধে জামিন অযোগ্য গ্রেপ্তারি পরোয়ানা জারি করেছে পাকিস্তানের নির্বাচন কমিশন (ইসিপি)। মঙ্গলবার একই মামলায় পাকিস্তান তেহরিক-ই-ইনসাফের (পিটিআই) এই চেয়ারম্যান ছাড়াও দেশটির সাবেক তথ্যমন্ত্রী ফাওয়াদ চৌধুরীর বিরুদ্ধেও পরোয়ানা জারি করা হয়েছে।



এর আগে, নির্বাচনী সংস্থা ও সিইসিকে অবমাননার মামলায় পিটিআইয়ের চেয়ারম্যান এবং তার সাবেক ঘনিষ্ঠ রাজনীতিকদের তলব করা হলেও ইসিপিতে হাজির হননি তারা। পরে দেশটির নির্বাচন কমিশনের চার সদস্যের একটি বেঞ্চ ইমরান খান ও অন্যদের বিরুদ্ধে এই আদেশ দেন।

গত বছর দেশটির নির্বাচন কমিশন ও সিইসির বিরুদ্ধে অশালীন ভাষা ব্যবহারের অভিযোগে পিটিআই প্রধানসহ দলটির সাবেক মহাসচিব আসাদ উমর ও সিনিয়র ভাইস প্রেসিডেন্ট ফাওয়াদ চৌধুরীর বিরুদ্ধে মামলা দায়ের করে ইসিপি। পরে ইসিপি সদস্য নিসার দুররানির নেতৃত্বে নির্বাচন কমিশনের বেঞ্চে হাজির হয়ে ইমরান খান ও অন্যদের অভিযোগের বিষয়ে ব্যাখ্যা দেওয়ার জন্য কয়েক দফায় নোটিশও পাঠানো হয়। কিন্তু পিটিআই নেতারা ইসিপির বেঞ্চে হাজির হননি। এর পরিবর্তে দেশটির উচ্চ আদালতে নির্বাচন আইন-২০১৭ এর ১০ ধারার আওতায় ইসিপির অবমাননার মামলা দায়েরের ক্ষমতা চ্যালেঞ্জ করেন পিটিআই নেতারা।

চলতি বছরের শুরুর দিকে পাকিস্তানের নির্বাচন কমিশন ইমরান খান ও পিটিআইয়ের অন্যান্য নেতাদের বিরুদ্ধে মামলার কার্যক্রম পরিচালনার জন্য ইসিপিকে অনুমোদন দেয়। পরে গত ২১ জুন নির্বাচন কমিশন ও সিইসিকে অবমাননার মামলায় তাদের বিরুদ্ধে অভিযোগ গঠন করা হয়। মামলার কার্যক্রম পরিচালনার অনুমোদন পেলেও ইসিপিকে চূড়ান্ত রায় ঘোষণার ক্ষমতা দেয়নি দেশটির সুপ্রিম কোর্ট। কয়েক দফায় নোটিশ পাঠানো হলেও নির্বাচন কমিশনের গঠিত বিচারিক বেঞ্চের শুনানিতে ইমরান খান ও তার দলের নেতারা হাজির হননি। একইভাবে মঙ্গলবারের শুনানিতেও ইমরান খান, ফাওয়াদ চৌধুরী ও আসাদ উমরের কেউই ইসিপিতে উপস্থিত হননি।



# নেপালে উড়োজাহাজ বিধ্বস্তে নিহত অন্তত ৬

**আন্তর্জাতিক ডেস্ক :** নেপালে একটি উড়োজাহাজ বিধ্বস্তে অন্তত ছয়জনের প্রাণহানি ঘটেছে। মঙ্গলবার সকালের দিকে কাঠমান্ডুর উত্তরাঞ্চলে উড়োজাহাজ বিধ্বস্তে নিহতদের মধ্যে পাঁচজনই মেক্সিকোর নাগরিক বলে দেশটির সরকারি এক কর্মকর্তা জানিয়েছেন।

বিধ্বস্ত উড়োজাহাজটি মানাং এয়ারের। মঙ্গলবার সকালের দিকে কাঠমাণ্ডুর উত্তরের লিখু এলাকায় উড়োজাহাজটি বিধ্বস্ত হয়েছে। বিশ্বের সর্বোচ্চ পর্বতশৃঙ্গ মাউন্ট এভারেস্টসহ নেপালের অন্যান্য উচ্চ পর্বতশৃঙ্গে পর্যটকদের নিয়ে যাওয়া কয়েকটি বিমান সংস্থার মধ্যে মানাং এয়ার অন্যতম।

দেশটিতে প্রায়ই এই ধরনের উড়োজাহাজ বিধ্বস্তের ঘটনা ঘটে। এতে দেশি-বিদেশি পর্যটকদের প্রাণহানিও ঘটে। কাঠমাণ্ডু বিমানবন্দরের কর্মকর্তা টেকনাথ সিতৌলা বলেছেন, উদ্ধারকারীরা উড়োজাহাজের পাঁচ আরোহীর মরদেহ খুঁজে পেয়েছেন এবং অন্য একজনের মরদেহের খোঁজে তল্লাশি অব্যাহত রেখেছেন।

তিনি বলেন, বিধ্বস্ত হওয়ার সময় উড়োজাহাজটি মেক্সিকোর পাঁচ নাগরিক ও নেপালি একজন পাইলট ছিলেন।

হিমালয় অঞ্চলের এই দেশটির অনেক এয়ারলাইন্স প্রত্যন্ত পাহাড় ও মেঘে ঢাকা পার্বত্য অঞ্চলের ছোট ছোট বিমানবন্দর থেকে যাত্রীদের পরিবহন করে। যে কারণে দেশটিতে উড্ডয়ন ও অবতরণের সময় প্রায়ই বিমান দুর্ঘটনা ঘটে।

# আনুষ্ঠানিক স্বীকৃতি ছাড়াই ন্যাটোতে জায়গা চান জেলেনস্কি

**আন্তর্জাতিক ডেস্ক :** বিশ্বের বৃহৎ সামরিক জোট নর্থ আটলান্টিক ট্রিটি অর্গানাইজেশন বা ন্যাটোতে যোগ দেওয়ার চেষ্টা চালিয়ে যাচ্ছে ইউক্রেন। সাম্প্রতিক সময়ে পূর্ব ইউরোপের এই দেশটির সেই চেষ্টা যেন আরও গতি পেয়েছে। ন্যাটোর অন্যতম প্রভাবশালী দেশ তুরস্ক এতে সমর্থনও দিয়েছে।

তবে যুক্তরাষ্ট্রের পরিকল্পনা ভিন্ন। ইউক্রেন ন্যাটোতে যোগ দিতে প্রস্তুত নয় বলে ইতোমধ্যেই জানিয়ে দেওয়া হয়েছে। এই পরিস্থিতিতে ইউক্রেনকে ন্যাটোর 'ডি ফ্যাক্টো' সদস্য হিসেবে নিশ্চিত করার দাবি জানিয়েছেন ইউক্রেনীয় প্রেসিডেন্ট ভলোদিমির জেলেনস্কি।

গতকাল মঙ্গলবার এক প্রতিবেদনে এই তথ্য জানিয়েছে কাতারভিত্তিক সংবাদমাধ্যম আল জাজিরা। মূলত 'ডি ফ্যাক্টো' বলতে এমন অবস্থা বোঝায় যা আনুষ্ঠানিকভাবে স্বীকৃত না হলেও বাস্তবে তা মেনে চলা হয়। অর্থাৎ ন্যাটোর সদস্য না হলেও ইউক্রেনকে সামরিক এই জোটটির 'ডি ফ্যাক্টো' বা কার্যত সদস্য হিসেবে নিশ্চিত করার দাবি করেছেন ইউক্রেনীয় প্রেসিডেন্ট।

প্রেসিডেন্ট ভলোদিমির জেলেনস্কি বলেছেন, বেশিরভাগ ন্যাটো সদস্য দেশ ইউক্রেনের পাশে দাঁড়িয়েছে এবং জোটের আসন্ন লিথুয়ানিয়া শীর্ষ সম্মেলনে কিয়েভকে ডি ফ্যাক্টো সদস্য হিসেবে অবশ্যই নিশ্চিত করতে হবে।

একইসঙ্গে রাশিয়ার সাথে যুদ্ধের জন্য ইউক্রেনকে অস্ত্র সরবরাহের আরও প্রতিশ্রুতি ভিলনিয়াসের এই সমাবেশ থেকে মিলবে বলেও সোমবার ইঙ্গিত দিয়েছেন তিনি।

মূলত মঙ্গলবার লিথুয়ানিয়ার রাজধানীতে শুরু হতে যাচ্ছে যুক্তরাষ্ট্রের নেতৃত্বাধীন পশ্চিমা দেশগুলোর সামরিক জোট ন্যাটোর দু'দিনব্যাপী বার্ষিক সম্মেলন। মার্কিন প্রেসিডেন্ট জো বাইডেন, ফরাসি প্রেসিডেন্ট ইমানুয়েল ম্যাক্রোঁ, ব্রিটিশ প্রধানমন্ত্রী ঋষি সুনাক, জার্মান চ্যান্সেলর ওলাফ শোলৎস-সহ জোটের ৩১টি সদস্য দেশের নেতারা সম্মেলনে যোগ দিচ্ছেন। সম্মেলনের দু'দিন প্রধানত ইউক্রেন যুদ্ধ নিয়েই আলোচনা করবেন তারা। অবশ্য এই সম্মেলনের ওপর সতর্ক নজর রাখছেন রাশিয়ার প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিন।

সোমবার জেলেনস্কি তার রাতের ভিডিও ভাষণে বলেন, 'সামরিক এই জোটটির সংখ্যাগরিষ্ঠ সদস্য দেশ আমাদের পাশে দৃঢ?ভাবে দাঁড়িয়েছে। আমরা যখন ন্যাটোর সদস্যপদ পাওয়ার জন্য আবেদন করেছিলাম, তখন আমরা অকপটে বলেছিলাম: বাস্তবে, ইউক্রেন এই জোটের মধ্যেই রয়েছে। আমাদের হাতে যে অস্ত্র রয়েছে তা এই জোটেরই অস্ত্র।

# নির্বাচন নিয়ে কথা বলা অভ্যন্তরীণ বিষয়ে হস্তক্ষেপ নয় : যুক্তরাষ্ট্র

**আন্তর্জাতিক ডেস্ক :** নির্বাচন বা নির্বাচনী প্রক্রিয়া নিয়ে কথা বলা মানে দেশের অভ্যন্তরীণ বিষয়ে হস্তক্ষেপ নয় বলে মন্তব্য করেছে যুক্তরাষ্ট্র।

এমনকি কেউ যুক্তরাষ্ট্রের নির্বাচন নিয়ে কথা বললেও ওয়াশিংটন সেটাকে স্বাগত জানায় বলেও জানিয়েছে দেশটি।

এছাড়া যুক্তরাষ্ট্রের বেসামরিক নিরাপত্তা, গণতন্ত্র ও মানবাধিকারবিষয়ক আন্ডার সেক্রেটারি উজরা জেয়ার ঢাকা সফরকালে অন্যান্য বিষয়ের সঙ্গে সুষ্ঠু নির্বাচন নিয়েও কথা হবে বলে যুক্তরাষ্ট্র জানিয়েছে।

গত সোমবার (১০ জুলাই) মার্কিন পররাষ্ট্র দপ্তরের মুখপাত্র ম্যাথিউ মিলার নিয়মিত সংবাদ সম্মেলনে এক সাংবাদিকের প্রশ্নের জবাবে এসব কথা বলেন এবং প্রাসঙ্গিক তথ্য জানান।

যুক্তরাষ্ট্রের পররাষ্ট্র দপ্তরের ওয়েবসাইটে ওই ব্রিফিংয়ের বিস্তারিত বক্তব্য তুলে ধরা হয়েছে।

# আইফোনের প্রথম ভারতীয় প্রস্তুতকারক হতে যাচ্ছে টাটা

**আন্তর্জাতিক ডেস্ক :** বিশ্বের সবচেয়ে জনপ্রিয় মোবাইল ফোন আইফোনের প্রথম ভারতীয় প্রস্তুতকারী হিসেবে নাম লেখাতে চলেছে টাটা গ্রুপ। সবকিছু ঠিক থাকলে চলতি আগস্টেই ভারতের বৃহত্তম গ্রুপ অব কোম্পানিজ টাটা গ্রুপের তত্ত্বাবধানে ভারতে আইফোনের উৎপাদন শুরু হবে।



অবশ্য ভারতে যে এই প্রথম আইফোন প্রস্তুতের কাজ শুরু হতে যাচ্ছেড় ব্যাপারটি এমন নয়। কয়েক বছর আগেই দেশটির দক্ষিণাঞ্চলীয় রাজ্য কর্ণাটকে ৬০ কোটিরও বেশি ডলার ব্যয় করে এই ফোনের কারখানা স্থাপন করেছে তাইওয়ানভিত্তিক ইলেকট্রনিক পণ্য প্রস্তুতকারী কোম্পানি উইস্টরন কর্পোরেশন। ১০ হাজারেরও বেশি কর্মী সেই কারখানায় কর্মরত রয়েছেন। বর্তমানে কারখানাটিতে আইফোন সিরিজের সর্বশেষ সংস্করণ আইফোন ১৪ তৈরির কাজ চলছে।

সূত্রের বরাত দিয়ে ভারতীয় সংবাদমাধ্যম এনডিটিভি মঙ্গলবার এক প্রতিবেদনে জানিয়েছে, উইস্টরন কর্পোরেশনের সেই কারখানাটি কিনে নিচ্ছে টাটা গ্রুপ। এক বছরেরও বেশি সময় ধরে পারস্পরিক আলোচনার পর দুই কোম্পানির কর্মকর্তা ও নীতি নির্ধারক পর্যায়ে এই সিদ্ধান্ত গৃহীত হয়েছে।

সূত্রের বরাতে আরও জানা গেছে, কর্ণাটকের এই কারখানাটিতে চলতি বছরের মার্চ থেকে ২০২৪ সালের মার্চ পর্যন্ত এক বছরে অন্তত ১৮০ কোটি ডলারের সমমূল্যের আইফোন প্রস্তুতের জন্য চুক্তিবদ্ধ ছিল উইস্টরন। সেই সঙ্গে আগামী বছরের মধ্যে কারখানার জনবলের সংখ্যা তিনগুণ করারও সিদ্ধান্ত ছিল কোম্পানি কর্তৃপক্ষের। কারখানাটি ক্রয়ের পর উইস্টরণ কর্পোরেশনের চুক্তি এবং জনবল বাড়ানোর সিদ্ধান্ত টাটা গ্রুপ বাস্তবায়ন করবে বলে জানিয়েছে সূত্র। এ ব্যাপারে আরও বিস্তারিত জানতে টাটা গ্রুপ, উইস্টরন এবং অ্যাপলড় তিন কোম্পানির মুখপাত্রদের সঙ্গে যোগাযোগ করেছিল এনডিটিভি। কিন্তু কেউই কথা বলতে রাজি হননি। বিশ্বের অন্যান্য দেশের মতো ভারতেও আইফোন তুমুল জনপ্রিয়।

## বিনোদন



# বেহেশতে যাওয়ার আশা অভিনেতা জাহিদ হাসানের

**বিনোদন ডেস্ক :** দেশের শোবিজ অঙ্গনের বড় তারকা অভিনেতা জাহিদ হাসান। মঞ্চ, টেলিভিশন, চলচ্চিত্র সব মাধ্যমেই আলো ছড়িয়েছেন তিনি। ক্যারিয়ারে তিনবার জাতীয় চলচ্চিত্র পুরস্কারসহ আটবার পেয়েছেন মেরিল-প্রথম আলো পুরস্কার।

সম্প্রতি মাছরাঙা টেলিভিশনের নিয়মিত আয়োজন 'রাঙা সকাল'র বিশেষ পর্বে অতিথি হিসেবে হাজির হয়েছিলন এই অভিনেতা। যেখানে জানিয়েছেন জীবনের অনেক চড়াই-উতরাই'র গল্প।

অভিনয়ের টানে ঢাকায় এসেছিলেন জাহিদ হাসান। সেইসময়ের অভিজ্ঞতা জানিয়ে তিনি বলেন, 'পরিবার থেকে হাত খরচের টাকা না নিয়ে ঢাকাতেই সংগ্রাম করে থাকতাম। সকাল-বিকাল-রাত পাউরুটির সঙ্গে গুড় দিয়ে খেতাম। একটা সময় যাতায়াত ভাড়ার টাকা বাঁচানোর জন্য টিএসসি থেকে রামপুরা বিটিভি ভবনে হেঁটে হেটে যেতাম। নাটকের মহড়ায় ছিড়ে যাওয়া প্যান্ট আর গেঞ্জি পরে চলে যেতাম। একটা ডায়েরি কেনারও পয়সা ছিল না। এক পাতার কাগজেই সব পয়েন্টগুলো টুকে রাখতাম। তখনই মনে হয়েছিল, অভিনয় অনুধাবনের বিষয়, অনুভবের বিষয়, সবকিছু কাগজে কলমে লেখার প্রয়োজন নেই।'

# 'জওয়ান'-এ শাহরুখের মা দীপিকা!

**বিনোদন ডেস্ক :** ভক্তদের অপেক্ষার অবসান ঘটিয়ে মুক্তি পেয়েছে 'জওয়ান' প্রিভিউ ভিডিও। দুই মিনিটের সেই ভিডিও ক্লিপে সবাইকে চমকে দিয়েছেন বলিউড বাদশাহ শাহরুখ খান।

পুরো সময়জুড়ে শাহরুখকে দেখা গেছে একাধিক রূপে। কখনো তিনি ছিলেন সেনার বেশে, কখনো আবার লাল শার্ট পরে রোমান্টিক মেজাজে। তবে সবকিছুকে ছাড়িয়ে গেছে তার ন্যাড়া লুক। যেখানে অন্য এক শাহরুখের দেখা মিলেছে।

ভিডিওতে 'কিং খান' বাদেও দেখা মিলেছে দক্ষিণী তারকা বিজয় সেতুপতি, অভিনেত্রী দীপিকা পাড়ুকোন ও নয়নতারার। শোনা যাচ্ছে, ছবিতে দীপিকা নাকি থাকছেন শাহরুখের মায়ের চরিত্রে। শুধু মা-ই নন, ছবিতে শাহরুখ যেহেতু বাবা ও ছেলে দ্বৈত ভূমিকায় অভিনয় করছেন সেক্ষেত্রে দীপিকাকে কখনও শাহরুখের স্ত্রী এবং মা দুই ভূমিকাতেই দেখা যেতে পারে।

নেটিজেনরা মনে করছেন, 'জওয়ান' সিস্টেমের উপর প্রতিশোধ নেওয়া এক গল্পের সিনেমা। যেখানে টাক মাথার শাহরুখ মেয়েদের একটি দল নিয়ে ট্রেন হাইজ্যাক করেন। তিনি সরকারের ব্যর্থতার কারণে স্ত্রীর (দীপিকা) অন্যায় মৃত্যুর প্রতিশোধ নিচ্ছেন।

# ফেরদৌসের মোবাইলে সবচেয়ে বেশি ছবি পূর্ণিমার

**বিনোদন ডেস্ক :** ঢাকাই সিনেমার অন্যতম জনপ্রিয় নায়িকা দিলারা হানিফ পূর্ণিমার জন্মদিন আজ। ১৯৮৪ সালের আজকের এই দিনে চট্টগ্রামে জন্মগ্রহণ করেন দর্শকপ্রিয় অভিনেত্রী। জন্মদিনে সহকর্মী, শুভাকাঙ্খী, ভক্ত-অনুরাগীদের শুভেচ্ছাবার্তায় ভাসছেন পূর্ণিমা। নায়িকার জীবনের বিশেষ এই দিনে তাকে নিয়ে ফেসবুক স্ট্যাটাসে এক মজার তথ্য জানালেন চিত্রনায়ক ফেরদৌস।



কাজের সুবাদেই খুব ভালো বন্ধুত্ব এই দুই তারকার। তাই ফেরদৌসের মোবাইল ফোনে সবচেয়ে বেশি ছবি রয়েছে পূর্ণিমার সঙ্গেই। এমনকি ক্যারিয়ারে এই নায়িকার সঙ্গেই বেশি কাজ করা হয়েছে অভিনেতার।

নায়িকার জন্মদিনে ফেসবুকে পূর্ণিমার সঙ্গে কয়েকটি ছবি প্রকাশ করে ফেরদৌস লিখেছেন, 'আমার মোবাইলে যার সঙ্গে সবচেয়ে বেশি ছবি, যার সঙ্গে সবচেয়ে বেশি কাজ, সবচেয়ে বেশি ভ্রমণ, সবচেয়ে বেশি কথা বলা, কারণে-অকারণে, আরও কত শত সহস্র স্মৃতি। তুমি শুধু আমার প্রিয় বন্ধু না, তুমি আমার শ্রেষ্ঠ একজন বন্ধু।'

শেষে অভিনেত্রীর প্রতি আহ্বান জানিয়ে এই অভিনেতা আরও বলেছেন, 'এমনই বন্ধু থাকো আজীবন। শুভ শুভ শুভ দিন, আজ পূর্ণিমার জন্মদিন।'

ফেরদৌসের এই শুভেচ্ছাবার্তা ভক্তরাও বেশ ভালোভাবেই নিয়েছেন। সকলে তাদেরকে আগামীতে একসঙ্গে আরও কিছু কাজ উপহার দেওয়ার আহ্বান জানিয়েছেন।

প্রসঙ্গত, মাত্র ১৩ বছর বয়সে সিনেমা জগতে পা রাখেন পূর্ণিমা। জাকির হোসেন রাজু পরিচালিত 'এ জীবন তোমার আমার' প্রথম সিনেমাটি প্রেক্ষাগৃহে মুক্তি পায় ১৯৯৭ সালে। এরপর ২০০৩ সালে মুক্তি পাওয়া মতিউর রহমান পানু পরিচালিত 'মনের মাঝে তুমি' পূর্ণিমার ক্যারিয়ারকে উপরের দিকে নিয়ে যায়।



# সম্পর্কে আছেন, তবে 'সুগার ড্যাডি'তে আপত্তি মিথিলার

**বিনোদন ডেস্ক :** তানজিয়া জামান মিথিলা। বর্তমান সময়ে দেশে র‍্যাম্প তারকা ও মডেল হিসেবে বেশ পরিচিত মুখ। শুধু মডেল হিসেবেই মিথিলার পরিচয় এমনও কিন্তু নয়, ইতোমধ্যেই তিনি কাজ করেছেন বলিউড সিনেমায়।

সম্প্রতি ফ্রান্সের কান চলচ্চিত্র উৎসবেও হাজির হয়েছিলেন মিথিলা। যেখানে বলিউডে নতুন আরও এক সিনেমায় অভিনয়ের ঘোষণা দিয়েছেন তিনি।

জানা গেছে, ওই সিনেমার নাম 'লাইফ'। বাংলাদেশ-ভারত যৌথ প্রযোজনায় নির্মিত এই ছবিতে প্রধান চরিত্রে অভিনয় করবেন মিথিলা।

তবে ক্যারিয়ারের বাইরে ব্যক্তিজীবন নিয়েও বেশ আলোচনায় থাকেন এই মডেল। নিজের বিলাসী জীবনযাপন নিয়ে প্রায় সময়েই প্রশ্নের মুখে পড়তে হয় তাকে।

সম্প্রতি এক সাক্ষাৎকারে নিজের বিলাসী জীবনযাপন ও সম্পর্ক নিয়ে কথা বলেছেন মিথিলা। যেখানে তিনি জানিয়েছেন, তিন বছর ধরে একজনের সঙ্গে সম্পর্কে আছেন। তবে সেটাকে 'সুগার ড্যাডি' বলা যায় না।

বয়সে সিনিয়র একজনের সঙ্গে সম্পর্কের বিষয়ে মিথিলা বলেন, 'তিন বছর ধরে আমাদের সম্পর্ক। সে আমার যত্ন করে, আমার খেয়াল রাখে। বিষয়টি নিয়ে কোনো লুকোচুরি নেই। এটা প্রায় সকলেই জানে।'

'সুগার ড্যাডি' শব্দতে প্রচণ্ড আপত্তি মিথিলার। তার ভাষ্য, অনেকে বলেন- সে আমার 'সুগার ড্যাডি'। কিন্তু এই শব্দ দিয়ে দুইজন মানুষের সম্পর্ককে হেয় করা হয়। এই শব্দটা আমার একদমই পছন্দ না।

অভিনেত্রীর প্রশ্ন, আমি কি প্রথম নারী, যে কোনো সম্পর্কের ক্ষেত্রে এমন কাউকে বেছে নিয়েছি- যিনি আর্থিকভাবে সচ্ছল, শিক্ষিত, জ্ঞানী একজন মানুষ। তাহলে আমাকে কেনো বলা হচ্ছে, সে আমার 'সুগার ড্যাডি'?

যারা সমালোচনা করছেন তাদের উদ্দেশ্যে মিথিলা বলেন, 'বিয়ের জন্য আমরা যখন কোনো পাত্র দেখি, তখন আগে জানার চেষ্টা করি ছেলেটা শিক্ষিত কিনা, টাকাপয়সা আছে কি না, সুখে রাখবে কিনা।




# ছেলের লিভ-ইন সম্পর্কে আপত্তি নেই শ্রাবন্তীর

**বিনোদন ডেস্ক :** ব্যক্তিগত জীবনে সবসময়ই আলোচনায় থেকেছেন ওপার বাংলার অভিনেত্রী শ্রাবন্তী চট্টোপাধ্যায়। ঠিক তার মতোই সম্পর্কের ক্ষেত্রে কোনো লুকোচুরি রাখেননি একমাত্র ছেলে অভিমন্যু।

মডেল দামিনী ঘোষের সঙ্গে প্রেমের সম্পর্কের বিষয়টি স্বীকার করেছিলেন ২০২১ সালেই। যদিও তার আগে থেকেই শ্রাবন্তীর বাড়িতে যাওয়া-আসা ছিল দামিনীর। এমনকি নিজের হবু পুত্রবধূকে নিয়ে ঘুরতেও গিয়েছিলেন অভিনেত্রী। ২০১৭ সাল থেকেই দামিনীর সঙ্গে প্রেম করছেন অভিমন্যু। একসঙ্গে বিভিন্ন স্থানে ঘুরতেও দেখা গেছে এই জুটিকে। সম্প্রতি মা শ্রাবন্তীকে জিজ্ঞেস করা হয়েছিল, যদি ছেলে 'লিভ-ইন' সম্পর্কে যেতে চান তাহলে মা হিসেবে তার সিদ্ধান্ত কি থাকবে?

জবাবে ভারতীয় সংবাদমাধ্যমকে এই অভিনেত্রীর স্পষ্ট উত্তর, 'একেবারেই মেনে নেব। আমার কোনো আপত্তি নেই। কোনো ব্যাপারই না এসব। যে যেভাবে ভালো থাকে, তার সেটাই করা উচিত।